



স্মারক নং-৩৩.০১.৩২২১.০০০.১৪.০০৩.২২-৪৮১

তারিখঃ ০৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর, ২০২৩ খ্রিঃ

নোটিশ

“উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)” অত্র উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্প পরিচালকের স্মারক নংঃ ৩৩.০১.০০০০.৮৩৭.০৩.০০৫.২০/৬২৪; তারিখঃ ১৭/০৯/২০২৩ এবং ৩৩.০১.০০০০.৮৩৭.০৩.০০৫.২০/৬৭৬; তারিখঃ ০৬/১১/২০২৩ মোতাবেক অত্র উপজেলার ০৫ নং ফুলছড়ি ও ০৪ নং গজারিয়া ইউনিয়নে কর্মরত এল এফ এফ’দের পদ শূন্য ঘোষণা করা হয় এবং তাদের স্থলে নতুন করে এল এফ এফ নির্বাচন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক উক্ত ০২ (দুই) ইউনিয়নে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন খন্ডকালীন এল এফ এফ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য নির্বাচন করা হবে। নিম্নোক্ত যোগ্যতার ভিত্তিতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নাম (বাংলা ও ইংরেজি), পিতার ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, এন আই ডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা হলো। আগামী ৩০/১১/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র সহ দরখাস্ত জমা দানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ১) সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) আবেদনকারীর বয়স ৩০-৪০ বছর হতে হবে।
- ৩) নারী বা পুরুষ উভয়ই আবেদন করতে পারবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস এস সি পাশ হতে হবে।
- ৫) পড়া ও লেখায় দক্ষতা থাকতে হবে।
- ৬) প্রাণিসম্পদ বিষয়ে ডি এল এস বা যুব উন্নয়ন বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ও বর্তমানে প্রাণিসম্পদ সেবা বা পালন কাজে নিয়োজিত ব্যক্তিগণ অগ্রাধিকার পাবেন।
- ৭) ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিগণের আবেদন করার প্রয়োজন নেই।
- ৮) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য এল এফ এফ’দের তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানুসিকতা থাকতে হবে। স্বাৰক্ষণিক অন্য পেশায় জড়িতদের এল এফ এফ হিসাবে নির্বাচন করা হবে না।

(ডা. জহিরুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা

ই-মেইলঃ ulofulgai@gmail.com

সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১) উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ২) উপজেলা কৃষি অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৩) উপজেলা মৎস্য অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৪) উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৫) চেয়ারম্যান, ০৫ নং ফুলছড়ি/০৪ নং গজারিয়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৬) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ৭) দপ্তর অনুলিপি।